একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-২৩ তারিখঃ ১৯ মে '২০২৫খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মে '-২০২৫ মাসের মাসিক সাধারণ সভা জনাব শোভন সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৮ মে '২০২৫ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ নতুন সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. বিবিধ।

১৯/০৫/২৫

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
২। উপজেলা ---------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২- ২৩

তারিখঃ১৯/০৫/২০২৫

ক্রমিক নম্বর	পদবী	প্রাপ্তি স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬	উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তা	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প:প: কর্মাকর্তা	
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেষ্টার, সামাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	

উপজেলা পরিষদ

বাঘারপাড়া,যশোর।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-- ২৩ তারিখঃ ১৯/০৫/২০২৫

ক্রমিক নম্বর	পদবী	প্রাপ্তি স্বীকার
১	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	
২	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
৩	চেয়ারম্যান , বন্দবিলা ইউপি	
৪	চেয়ারম্যান ,বায়পুর ইউপি	
৫	চেয়ারম্যান ,নারিকেলবাড়ীয়া ইউপি	
৬	চেয়ারম্যান ,ধলগ্রাম ইউপি	
৭	চেয়ারম্যান,দোহাকুলা ইউপি	
৮	চেয়ারম্যান ,দরাজহাট ইউপি	
৯	চেয়ারম্যান ,বাসুয়াড়ী ইউপি	
১০	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদের মে/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার উপস্থিতি

সভাপতি: জনাব মোহসেন সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ ও সময় : ২৮/০৫/২০২৫খ্রি: বেলা - ১১:৩০ ঘটিকা

সভায় উপস্থিত প্রশাসকগণের নাম ও স্বাক্ষর:

১। প্রশাসক, পৌরসভা, বাঘারপাড়া →

২। চেয়ারম্যান জহুরপুর ইউপি →

৩। " বন্দবিলা " →

৪। " রায়পুর " →

৫। " নারিকেলবাড়ীয়া " →

৬। " ধলগ্রাম " →

৭। " দোহাকুলা " →

৮। " দরাজহাট " →

৯। " বাসুয়াড়ী " →

১০ " জামদিয়া " →

সভায় উপস্থিত বিভাগীয় প্রতিষ্ঠানের স্বাক্ষর উপস্থিতি [illegible]

১। রোজিনা পারভীন, এ ডিআরডিও, বিআরডিবি, [illegible] — 28/05/25
২। ডাঃ মোঃ আবু বকর সিদ্দিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর — A. B. Siddique 28/05/25
৩। মোঃ আব্দুল কাদের, উপজেলা সমবায় অফিসার — [signature]
৪। মোঃ সোহেল মিয়া, উপ-সহকারী প্রকৌশলী-LGED — Sohel
৫। সোহানুর রহমান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ — [signature]
৬। মোঃ মোতালেব হোসেন, ইউএ এন্ড ই / ভিডিপি — Mottalib
৭। মোছাঃ মোস্তাফিজুর [illegible], UCO — [signature]
৮। ওয়ালিদ হোসেন রহমান, UFO — [signature]
৯। ইশতিয়াক আহমেদ, PIO — [signature]
১০। ড. শামসুল আরেফিন, ULO, Bagharpara — [signature]
১১। মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, USFO ও ভারপ্রাপ্ত UAS — [signature] 28/05/25
১২। অঙ্কুর সরকার, SAE, DPHE — [signature] 28.05.25
১৩। মো: [illegible] আলম, USSO — [signature] 28/05/2025
১৪। সালমা খাতুন, UWAO — [signature] 28/05/25
১৫। [illegible] আহমেদ [illegible], WEO — [signature] 28/05/25
১৬। [illegible] রহমান, UAO — [signature]
১৭। নির্মল কুমার মন্ডল — UYDO — [signature]

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	: শোভন সরকার প্রশাসক, উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর।
স্থান	: উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময়	: ২৮ মে ২০২৫খ্রিঃ, বুধবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব রোজিনা পারভীন, উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
০২) জনাব ডাঃ মোঃ আবু বকর সিদ্দিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৩) মোঃ আব্দুল কদ্দুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ খোকন মিয়া, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব সোহানুর রহমান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব ওয়ালিদ হোসেন রুম্মান, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব মোহম্মদ ওয়াহিদুজ্জামান, উপজেলা একাডেমিক সুপারভাইজার, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব অন্তরা সরকার, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৩) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৪) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৫) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৬) জনাব নির্ম্মল কুমার হাজরা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব ডাঃ এস. এম. মোস্তফা কাইয়ুম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরুপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।	বিধি মোতাবেক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সদস্য-সচিব, স্থায়ী কমিটি(সকল)।
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) এডিপিঃ** বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন) তহবিলের আওতায় গৃহিত প্রকল্পসমূহের মধ্যে পিআইসি এর মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে এবং বিল প্রদান সম্পন্ন হয়েছে। এছাড়া টেন্ডারের কাজ চলমান আছে, টেন্ডারের কাজসমূহ ঠিকাদারগণ সঠিকভাবে বাস্তবায়ন করছে কিনা সেবিষয়ে সংশ্লিষ্ট সকলকে কাজগুলি তদারকি করার আহবান জানানো হয়। **(খ) নতুন আইডিকৃত রাস্তার তালিকা অনুমোদনঃ** উপজেলা প্রকৌশল দপ্তর কর্তৃক নতুন আইডিকৃত রাস্তার তালিকা (রোড ইনভেনটরি) পরিশিষ্ট-খ আকারে উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট-খ আকারে উপস্থাপিত নতুন আইডিকৃত রাস্তার তালিকা (রোড ইনভেনটরি) অনুমোদন করা হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	(ক) সংশ্লিষ্ট সকলকে কাজগুলি তদারকি করার আহবান জানানো হয়। (খ) নতুন আইডিকৃত রাস্তার তালিকা (রোড ইনভেনটরি) পরিশিষ্ট-খ অনুমোদন করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা প্রকৌশলী ৩। ইউপি চেয়ারম্যান(সকল) (খ) উপজেলা প্রকৌশলী
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) এপ্রিল-২০২৫ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** আলোচনা নাই		
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, বিভিন্ন প্রকল্পের কাজ মাঠ পর্যায়ে তদারকি কার্যক্রম সম্পন্নপূর্বক বিল প্রদান কার্যক্রম চলমান আছে। দাপ্তরিক অন্যান্য সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার ও উপসহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক সকল বিষয়ে মনিটরিং করা হচ্ছে। সারের কোন ঘাটতি নাই। প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।

ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ৩৫ জন চাষীকে মৎস্য চাষ বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে। ৪০ জন চাষীকে রাজস্ব বাজেটের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিয়মিত মাছ বাজার পরিদর্শনের আওতায় বঘারপাড়া মাছ বাজার পরিদর্শন করা হয়েছে। প্রকল্পের আওতায় ১৬ (ষোল) টি প্রদর্শনীর কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, মে-২৫ মাসে ১। উৎপাদন: ক. দুধ-২৩২৩.৮৬ মে.টন, খ. ডিম-৩৩লক্ষ, গ. মাংস-৬৯৪.৪৬ মে.টন, ঘ. সংকর জাতের বাছুর উৎপাদন-৫৪২টি, ২। রোগপ্রতিরোধ: ক. গবাদি পশুর টিকা প্রদান-২৪০মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-১১৫০০০ মাত্রা, গ.ডিজিজ সার্ভিলেন্স-০১টি, ঘ.রোগ অনুসন্ধান ও নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-১০টি, ৩.চিকিৎসা, ক. গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৩৪০ টি, খ. হাঁসমুরগির চিকিৎসা প্রদান- ১০৮৬৭ টি, গ. পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ০৩ টি, ঘ . ফ্রিভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১টি, ৪.মানব সম্পদ উন্নয়ন, ক. প্রশিক্ষণ-৮৫জন, খ. উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৫ টি, ৫. খামার পরিদর্শন- ১৫ টি , ৬. পরিবেশ সুরক্ষা/ঘাস উৎপাদনঃ ২.০১একর, ৭.মাসিক বার্তাঃ তীব্র তাপপ্রবাহে প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় করণীয়।, ৮. সরকারি এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ) আয়, ক. টিকাবীজ বিক্রয়-৩৪৭৫০/- , খ. কৃত্রিম প্রজনন- ৬৭৮০০/- ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, প্রতিবন্ধী ভাতা যেহেতু শতভাগ সেহেতু উক্ত ভাতার আবেদন যথাযথ হলেই সে ভাতা পাবে। সুতরাং উক্ত ভাতা করার ক্ষেত্রে কোন ব্যক্তি যেন কাউকে টাকা প্রদান না করে সেবিষয়টি বহুলপ্রচার করার জন্য সকল জনপ্রনিনিধীদের আহবান জানান । এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, দোহাকুলা ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রের সরকারি জমি দখল করে বসতবাড়ী নির্মান করেছে, যা উচ্ছেদ করণে সহযোগীতা কামনা করেন । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দোহাকুলা ইউপি চেয়ারম্যানকে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয় ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা শিক্ষা কর্মকর্তার সভায় জানান যায় যে, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এস.এস.সি পরীক্ষা-২০২৫ সম্পন্ন হয়েছে । ২৬ জুন হতে এইচএসসি পরীক্ষা শুরু হবে, বোর্ডের নির্দেশনা অনুযায়ী প্রস্তুতি চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৭৫ টি দল/সমিতিরি ২১৮৪ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪১.০০ লক্ষ টাকা। চলতি আর্থিক বছরে ৭৭৫ জন সদস্যর মধ্যে ৫৪০.০০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৪৭৫.১৮ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া উচ্চ মূল্যের পুষ্টি সমৃদ্ধ অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির ১৩০ জন সদস্যকে ৪৪.৮০ লক্ষ টাকা ৮% সেবামূল্যে ঋণ বিতরণ করা হয়েছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে এপ্রিল-২৫ মাসে ০১ জন কে যুব ঋণ হিসাবে ২০০০০০/- টাকা প্রদান করা হয়েছে । ২০২৪-২৫ অর্থ বছরে মোট ৮৬ জনকে যুব ঋণ হিসা ৫৪৯০০০০/- টাকা প্রদান করা হয়েছে । সার্বিক আদায় হার ৯৫% । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৭১টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ২টি ও ৭১ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানা যে, **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় ভিডব্লিউবি উপকারভোগীর সং ্যা ২১৫২ জন। ২০২৫-২০২৬ ভিডব্লিউবি চক্রের উপকারভোগী বরাদ্দ ২১৫২ জন। ওয়েবসাইট বন্ধ থাকায় উপকারভোগী নির্বাচনের কার্যক্রম বন্ধ আছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির ওয়েবসাইট বন্ধ থাকায় উপকারভোগী নির্বাচনের কার্যক্রম বন্ধ আছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে । **উঠান বৈঠকঃ** বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তিনি ভিডব্লিউভি দ্রুততার সহিত অনলাইনে উপজেলা কমিটিতে প্রেরণ করার আহবান জানান ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান টিআর, কাবিটা এর যে সকল প্রকল্প বাস্তবায়িত হয়েছে সেসক্স প্রকল্পের বিল প্রদান কার্যক্রম চলমান আছে । তিনি জানান তৃতীয় পর্যায়ের কিছু কাজ এখনও সম্পন্ন হয়নি সেসকল কাজ দ্রুততার সহিত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, পিইডিপি-৪ ও জিপিএস প্রকল্পের আওতায় ৩৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লক নির্মাণ কাজের মধ্যে ১২টি হস্তান্ত করা হয়েছে । বাকি ২৫টি এর কাজ জুন-২০২৫ এর মধ্যে সম্পন্ন করা হবে । ২০২৪-২৫ অর্থ বছরে প্রাপ্ত গভীর নলকূপ বরাদ্দের বিপরীতে জনসাধারণ কর্তৃক দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই সম্পন্নপূর্বক উপজেলা ওয়াটসন কমিটির মাধ্যমে চুড়ান্ত করা হয়েছে। চুড়ান্ত তালিকা অনুযায়ি সরকারি ফি জমাকরণ প্রক্রিয়া চলমান আছে । এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় স দায় জানান যে, যশোর নড়াইল সড়কে নিলামকৃত গাছের প্রাপ্ত অর্থ বিভাজন অনুযায়ী প্রদান প্রক্রিয়া চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের জনবল সংকটের কারনে সেবা প্রদান ব্যাহত হচ্ছে মর্মে সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে জনবল সংকট সমাধানের লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় ।	জনবল সংকট সমাধানের লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয় ।	উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৫/২৫

শোভন সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-২৫ **তারিখঃ ২৮- ০৫-২০২৫ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,...ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

২৮/০৫/২৫

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

পরিশিষ্ঠ-ক

উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

মে-২০২৫

যে মাসে ব্যয় করা হয়েছে- এপ্রিল-২০২৫

ক্রমিক	বিবরণ	বিলের পরিমান	চেকনং ও তারিখ
১.	ওসমান গণি, আনসার সদস্য কে ঈদ-উল-ফিতর এর ছুটিকালীন সময়ে দায়িত্ব পালন করায় নিরাপত্তা খাত হতে দায়িত্ব ভাতা প্রদান	=২৩৭৫/-	চেক নং ৫৩৪৩১২০ তাং ০৭.০৪.২০২৫
২.	জুলফিক্কার আলী, আনসার সদস্য কে ঈদ-উল-ফিতর এর ছুটিকালীন সময়ে দায়িত্ব পালন করায় নিরাপত্তা খাত হতে দায়িত্ব ভাতা প্রদান	=২৩৭৫/-	চেক নং ৫৩৪৩১২১ তাং ০৭.০৪.২০২৫
৩.	মহাদেব, আনসার সদস্য কে ঈদ-উল-ফিতর এর ছুটিকালীন সময়ে দায়িত্ব পালন করায় নিরাপত্তা খাত হতে দায়িত্ব ভাতা প্রদান	=২৩৭৫/-	চেক নং ৫৩৪৩১২২ তাং ০৭.০৪.২০২৫
৪.	তামিম হোসেন, আনসার সদস্য কে ঈদ-উল-ফিতর এর ছুটিকালীন সময়ে দায়িত্ব পালন করায় নিরাপত্তা খাত হতে দায়িত্ব ভাতা প্রদান	=২৩৭৫/-	চেক নং ৫৩৪৩১২৩ তাং ০৭.০৪.২০২৫
৫.	আবু সালমান স্যানিটারি, হাসপাতাল গেট, বাঘারপাড়াকে গেজেটেড কোয়ার্টার পদ্মা-৩ এর ইলেকট্রিক কাজের কাজের বিল প্রদান	=১০০৩০/-	চেক নং ৫৩৪৩১২৪ তাং ০৯.০৪.২০২৫
৬.	নিউ সাকিব ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, প্রোপাইটার- বাচ্চুর রহমান, বাঘারপাড়াকে অফিসের নিচ তলার রুমের ভাঙ্গা গ্লাস ও টেবিলের গ্লাস লাগানো কাজের বিল প্রদান	=১৫০৪৫/-	চেক নং ৫৩৪৩১২৫ তাং ০৯.০৪.২০২৫
৭.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ০৫ ও ০৬ ০ ইলেকট্রিক ও গ্লাস লাগানো কাজরে ২টি বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৪৪২৫/-	চেক নং ৫৩৪৩১২৬ তাং ০৯.০৪.২০২৫
৮.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস মহান স্বাধীনতা দিবসের আপ্যায়ন কাজে ব্যয়কৃত বিল প্রদান	=২১৪২০/-	চেক নং ৫৩৪৩১২৭ তাং ২০.০৪.২০২৫
৯.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী দিবসের বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=২৩৮০/-	চেক নং ৫৩৪৩১২৮ তাং ২০.০৪.২০২৫
১০.	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের এপ্রিল-২৫ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান	=৫৮৪২/-	চেক নং ৫৩৪৩১২৯ তাং ২১.০৪.২০২৫
১১.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস কে এপ্রিল-২০২৫ মাসের আপ্যায়ন বিল প্রদান	=২৭০০০/-	চেক নং ৫৩৪৩১৩০ তাং ২৪.০৪.২০২৫
১২.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩০০০/-	চেক নং ৫৩৪৩১৩১ তাং ২৪.০৪.২০২৫
১৩.	জনাব পলাশ হোসেন, গাড়ী চালক, উপজেলা পরিষদ, বাঘারপাড়াকে গাড়ী সার্ভিসিং কাজের বিল প্রদান	=৪৪১২/-	চেক নং ৫৩৪৩১৩২ তাং ২৪.০৪.২০২৫
১৪.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী গাড়ি সার্ভিসিং বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৯৬৮/-	চেক নং ৫৩৪৩১৩৩ তাং ২৪.০৪.২০২৫

২৬/০৫/২৫

শোভন সরকার
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।